৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 03 JUL 1998
পৃষ্ঠা ৩ কলাম ৫

# প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ ইউনেস্কো পুরস্কারের জন্য মনোনীত

সাক্ষরতার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করায় বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ আন্তর্জাতিক সাক্ষরতা পুরস্কার ১৯৯৮-এর জন্য মনোনীত হইয়াছে। ইউনেস্কোর জুরী বোর্ড এই মনোনয়নদান করিয়াছে। আগামী ৮ই সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে পুরস্কার দেওয়া হইবে। আন্তর্জাতিক পর্যায়ের সম্মান ছাড়া এ পুরস্কারের আর্থিকমান পনের হাজার মার্কিন ডলার।

গত ডিসেম্বর '৯৭-এ বাংলা-

( ৭ম পৃ: দ্র: )

## প্রাথমিক ও গণশিক্ষা

( ৩য় পৃ: পর )

দেশে এ সাক্ষরতার হার ৫১,০১ ভাগে উন্নীত হয়। জাতীয় কর্ম-পরিকল্পনায় আগামী ২০০০ সালের মধ্যে বাংলাদেশে সাক্ষরতা অর্জনের লক্ষ্যমাত্রা শতকরা ৬২ ভাগ নির্ধারণ করা হইয়াছে। আশা করা যায় যে, এ সময়ের মধ্যে বাংলাদেশ এ লক্ষ্যমাত্রা সহজেই অতিক্রম করিবে এবং ২০০৬ সালের মধ্যে দেশকে সম্পূর্ণভাবে নিরক্ষরমুক্ত করা সম্ভব হইবে। বেসরকারী সংস্থা এবং সামাজিক সংগঠনসমূহকে সাথে লইয়া সরকার এ লক্ষ্য অর্জনের জন্য জোর প্রচেষ্টা চালাইতেছে। এ লক্ষ্যে গৃহীত কর্মসূচীসমূহ ইতিমধ্যে বিভিন্ন জেলায় বিপুল উৎসাহ-উদ্দীপনা ও আশার সঞ্চার করিয়াছে।

—তথ্য বিবরণী